

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.২৯.১৮-৮৫৯

তারিখঃ ২৮/০৬/২০১৮খ্রীঃ

### বিজ্ঞপ্তি

বিষয় : পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ (AIF-2) থেকে প্রাণিসম্পদ সিআইজিদের আর্থিক সহায়তা (ম্যাচিং গ্রান্ট) প্রদানের নিমিত্ত উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ সফলভোগী সিআইজিদের মাঝে নতুন নতুন প্রযুক্তি হস্তান্তর বা সম্প্রসারণ এবং উৎপাদিত পণ্যের বাজারজাত সহজীকরণ ও বাজার সুবিধার সাথে শক্তিশালী সংযোগ স্থাপনের নিমিত্ত অত্র প্রকল্পাধীন ২৭০টি উপজেলায় সিআইজিদেরকে (পুরাতন ও নতুন সিআইজি) পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ (AIF-2) থেকে উপ-প্রকল্পের মাধ্যমে “ম্যাচিং গ্রান্ট” হিসাবে আর্থিক সহায়তা (অ-ফেরতযোগ্য) প্রদান করা হবে। এ জন্য নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন সিআইজিদেরকে নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো :

এআইএফ-২ আবেদনকারী সিআইজি এর ধরণ ও যোগ্যতা :

১. সিআইজি এর ব্যাংক হিসাব থাকতে হবে এবং সদস্যগণকে নিয়মিত সঞ্চয়কারী হতে হবে।
২. সিআইজি-কে আনুষ্ঠানিকভাবে (সরকারীভাবে) যথাযথ কর্তৃপক্ষ হতে নিবন্ধিত হতে হবে।
৩. AIF-2 এর “ম্যাচিং গ্রান্ট” এর জন্য এনএটিপি-২ এবং আবেদনকারীর (সিআইজি) অর্থের অনুপাত হবে ৭০ : ৩০ অর্থাৎ প্রস্তাবিত উপ-প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত বাজেটের সর্বোচ্চ ৭০% ব্যয় AIF-2 থেকে অনুদান হিসেবে আবেদনকারী (সিআইজি)-কে প্রদান করা যাবে এবং কমপক্ষে ৩০% অর্থ নগদে আবেদনকারী (সিআইজি)-কে উপ-প্রকল্পের কাজে ব্যয় করতে হবে। এ জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের সময় প্রাক্কলিত বাজেটের কমপক্ষে ৩০% অর্থ সঞ্চয় হিসাবে CIG ব্যাংক একাউন্টে জমা থাকতে হবে।
৪. এনএটিপি-২ প্রকল্প কার্যক্রম সফলভাবে বাস্তবায়নকারী সিআইজি অর্থাৎ যে সকল সিআইজি এর কার্যক্রম Balanced Score Card (BSC) মূল্যায়নে “এ” অথবা “বি” গ্রেড প্রাপ্ত হবে কেবল সে সকল সিআইজি আবেদন করতে পারবে।
৫. AIF-2 এর আওতায় উপ-প্রকল্পে আর্থিক সহায়তায় সিআইজি-কে কেবল দলীয়ভাবে বিবেচনা করা হবে অর্থাৎ সিআইজি এর একক কোন সদস্য উপ-প্রকল্প জমা দেয়ার জন্য বিবেচ্য হবে না।
৬. এনএটিপি-২ প্রকল্প মেয়াদে কোন একটি সিআইজি AIF-2 এর “ম্যাচিং গ্রান্ট” একবারই প্রাপ্য হবে।
৭. প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোতে প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতার ভিত্তিতে AIF-2 এর অনুদান প্রদান করা হবে।
৮. এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে অগ্রহী সিআইজি-কে নির্ধারিত ছকে (ছকটি AIF-2 ব্যবহার নির্দেশিকায় দেয়া আছে) উপ-প্রকল্প প্রস্তাব তৈরী করে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দাখিল করতে হবে।
৯. উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের শেষ তারিখ আগামী ১২ আগস্ট ২০১৮।

সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের নিমিত্ত তাঁর অফিস, FIAC সমূহ এবং CEAL এর মাধ্যমে সিআইজিদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর www.natpdl.gov.bd ওয়েব সাইটে প্রদত্ত AIF-2 ব্যবহার নির্দেশিকা দেয়া আছে। উক্ত নির্দেশিকায় AIF-2 ব্যবস্থাপনা, বাস্তবায়ন পদ্ধতি, উপ-প্রকল্প প্রণয়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। উক্ত ব্যবহার নির্দেশিকা মোতাবেক যোগ্য সিআইজিদের নিকট থেকে উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহন ও পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য এনএটিপি-২ ভুক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

কার্যার্থে :

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ২৭০টি উপজেলা।